দুর্যোগে প্রাণ বাঁচাতে স্থাপন করা হবে ‘শেখ হাসিনা’ কৃষক ছাউনি-এমপি সাহিদুজ্জামান খোকন

খোলা মাঠে কাজ করতে গিয়ে অনেক সময় বজ্রপাতে প্রাণ হারান কৃষক। ঝড় বৃষ্টি ও প্রাকৃতিক দুর্যোগ মাথায় নিয়ে খাদ্যের জোগান দেন আমাদের কৃষক। প্রাকৃতিক দুযোর্গ থেকে কৃষকদের প্রাণ রক্ষায় মাঠে মাঠে কৃষক ছাউনি গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান। এ ছাউনির নাম দিয়েছেন শেখ হাসিনা কৃষক ছাউনি। গাংনী উপজেলার কোদাইলকাটি গ্রামে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালের অর্থায়নে নির্মিত কৃষক ছাউনি উদ্বোধনের মধ্য দিয়ে কৃষকসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষের কাছে প্রশং সিত হচ্ছে এ কার্যক্রম।

কৃষকদের প্রাণ বাঁচাতে এ কার্যক্রম সারা দেশে ছড়িয়ে দেওয়ার আশাবাদ ব্যক্ত করেছেন দুর্যোগ ও ত্রাণ প্রতিমন্ত্রী ডাঃ এনামুর রহমান।
মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলার হেমায়েতপুর প্রাথমিক বিদ্যালয়ের নব নির্মিত ভবন উদ্বোধনী অনুষ্ঠানে শেখ হাসিনা কৃষক ছাউনির বিষয়টি তুলে ধরেন অনুষ্ঠানের প্রধান অতিথি সাহিদুজ্জামান খোকন এমপি।

তিঁনি বলেন, অনেক মাঠে প্রয়োজনীয় গাছপালা নেই। তপ্ত রোদে রক্তঘাম ঝরিয়ে আমাদের জন্য আহারের জোগান দেন কৃষকরা। ফাঁকে মাঠে কাজ করতে গিয়ে দুর্ঘটনার শিকার হতে হয় তাদের। বিশেষ করে বজ্রপাতে কৃষক মৃত্যুর ঘটনা বেড়েই চলেছে। তাই আমার এলাকার কৃষকদের সুরক্ষার কথা চিন্তা করে মাঠে মাঠে শেখ হাসিনা কৃষক ছাউনি নির্মান করছি।

সারা দেশে এ কার্যক্রম ছড়িয়ে দেওয়া হবে উল্লেখ করে তিঁনি আরও বলেন, শেখ হাসিনা কৃষক ছাউনি কার্যক্রম দেখে খুশি হয়েছেন দুযোর্গ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী। তাঁর মন্ত্রণালয় থেকে সহযোগিতার মধ্য দিয়ে হাওড় অঞ্চলসহ সারা দেশে এ কার্যক্রম

ছড়িয়ে দিবেন বলে আশাবাদ ব্যক্ত করেছেন প্রতিমন্ত্রী। আমার এ কার্যক্রম সারা দেশে জায়গা পাচ্ছে জেনে খুব আনন্দ লাগছে বলেও প্রতিক্রিয়া ব্যক্ত করেন এমপি সাহিদুজ্জামান খোকন।

এলজিইডি গাংনী উপজেলা কার্যালয়ের বাস্তবায়নে বিভিন্ন এলাকার প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মান সম্পন্ন হয়েছে। মঙ্গলবার সকাল থেকে আনুষ্ঠানিকভাবে হেমায়েতপুর, বড় বামন্দী, সাহারবাটি, নবীনপুর, সিন্দুরকৌটা, ভোলাডা ঙ্গা, বামন্দী-নিশিপুর, কাষ্টদহ, বাঁশবাড়ীয়া, চৌগাছা ভিটাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন করেন সাহিদুজ্জামান খোকন এমপি।

হেমায়েতপুর প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান শিক্ষক সেলিনা পারভীন। বিশেষ অতিথি ছিলেন উপজেলা শিক্ষা অফিসার আলা উদ্দীন, উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান, রাইপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক মিজানুর রহমান ও ঠিকাদার ফারুক হাসান।

মুজিবনগরের যতারপুরে ট্রাকের ধাক্কায় গৃহবধু নিহত

মেহেরপুরের মুজিবনগরে ট্রাকের ধাক্কায় গৃহবধু রিজিয়া খাতুন (৩৩) নিহত হয়েছে। মঙ্গলবার দুপুর ১টায় উপজেলার যতারপুরে এ দূর্ঘটনা ঘটে। নিহত রিজিয়া খাতুন বাবুপুরের সেন্টু মিয়ার স্ত্রী। কোমরপুর পুলিশ ক্যাম্পের ভারপ্রাপ্ত ইনচার্জ এস আই ইকবাল হোসেন জানান,সেন্টু তার স্ত্রীকে সাথে নিয়ে মটরসাইকেল যোগে মেহেরপুরে যাওয়ার পথে যতারপুরে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক (ঢাকা মেট্রো-ট- ২২-১৭৫০) ধাক্কা দিলে ঘটনাস্থলে রিজিয়া খাতুন নিহত হয়। নিহতের স্বামী আহত সেন্টু মিয়াকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হয়েছে।
মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল হাসেম জানান,ট্রাক জব্দের পাশাপাশি ট্রাকের চালককে গ্রেফতার করা হয়েছে। নিহতের

পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মুজিবনগরে ৩ দিন ব্যাপি কৃষক প্রশিক্ষন শুরু

মুজিবনগরে নিরাপদ উপায়ে সবজি ও ফল চাষ এবং সংগ্রহোত্তর ব্যবস্থাপনার বিষয়ে ৩ দিন ব্যাপি কৃষক প্রশিক্ষন শুরু হয়েছে। মুজিবনগর উপজেলা কৃষি অফিসের আয়োজনে উপজেলা কৃষক প্রশিক্ষন হল রুমে ২০২০/২১ অর্থ বছরে বৃহত্তর কুষ্টিয়া ও যশোর অঞ্চল কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় এ প্রশিক্ষণ শুরু হয়। মঙ্গলবার সকাল ১০ টার দিকে মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কুমার খাঁ প্রশিক্ষনের উদ্বোধন করেন।

এ সময় মুজিবনগর উপজেলা কৃষি অফিসার আনিছুজ্জামান খাঁন,উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার আনিছুর রহমান এবং আসিফ ইকবাল অংশগ্রহন কারী কৃষকদের প্রশিক্ষণ প্রদান করেন। ৩ দিন ব্যাপি কৃষক প্রশিক্ষণে উপজেলার ৩০ জন কৃষক কৃষাণী অংশ গ্রহন করছেন।

দর্শনা সীমান্ত চেকপোস্ট দিয়ে দেশে ফিরলো ১১ বাংলাদেশী

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা চেকপোস্ট দিয়ে দেশে ফিরেছে ভারতে আটকে পড়া ১১ বাংলাদেশী।
সোমবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে দর্শনা জয়নগর সীমান্ত পথ দিয়ে তারা দেশে প্রবেশ করে। দেশে প্রবেশের পর তাদের সবার স্বাস্থ্য পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে।

পরে বিশেষ পরিবহন ব্যবস্থায় তাদের ১৪ দিনের কোয়ারেন্টিনে নেয়া

হয়েছে। ফিরে আসাদের মধ্যে রয়েছেন, চট্টগ্রাম জেলার হাটহাজারির পাহাড়তলীর ছকিনা বেগম (৪৫), উত্তর কাটলী গ্রামের শফিকুল ইসলাম (৪৫), রানবাজারের জিয়া উদ্দীন (৫০), পাটখালী গ্রামের জহির উদ্দীন (৩৮), সাব্বির আহমেদ (৪৮), ইউনুস আলী (৫৭), মুক্তা বেগম (৪৮), কৃষ্ণ কুমার (৩৫), নওগাঁ সদরের শাহজাহান আলী (৫৫) ও তানিয়া বেগমসহ (৪৭) ১১ জন।

দর্শনা ইমিগ্রেশন কর্তৃপক্ষ বলছে, ভারতে আটকে পড়াদের মধ্যে সোমবার প্রথম বারের মতো ১১ জন দেশে প্রবেশ করেছে। এর আগে তারা ভারতীয় উপ-হাইকমিশন থেকে অনাপত্তিপত্র গ্রহন করে। পরে ভারতের নদীয়া জেলার গেদে চেকপোস্টে কাস্টমস ইমিগ্রেশন শেষে দর্শনা চেকপোস্ট দিয়ে দেশে প্রবেশ করে তারা। দর্শনা চেকপোস্টে সকল আনুষ্ঠানিকতা শেষে বিশেষ ব্যবস্থায় তাদেরকে কোয়ারেন্টিনে নেয়া হয়।

দর্শনা ইমিগ্রেশন পুলিশের এসআই আব্দুল আলীম জানান, সোমবার ফেরত আসা সবাই চিকিৎসা নিতে ভারতে গিয়েছিল। এরপর করোনার লকডাউনের কারণে দেশের সীমান্ত পথ বন্ধ হয়ে যাওয়ায় তারা ভারতে আটকা পড়ে। চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ফিরোজ হোসেন জানান, দেশে প্রবেশে পর তাদেরকে বিশেষ পরিবহন ব্যবস্থায় চুয়াডাঙ্গার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) ভবনে নেয়া হয়েছে। সেখানেই তাদেরকে ১৪ দিনের কোয়ারেন্টিনে রাখা হবে।

পুরো প্রক্রিয়া তদারকিতে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ফিরোজ হোসেন, দর্শনা থানা পুলিশের অফিসার ইনচার্জ (ওসি) মাহাব্বুর রহমান, চুয়াডাঙ্গা-৬ বিজিবির দর্শনা কোম্পানী কমান্ডার সুবেদার আব্দুস সহিদ ও দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ অমিত সাহা।উল্লেখ্য, এর আগে রোববার তাদের দেশে ফেরার কথা থাকলেও এনওসি জটিলতায় তারা সেদিন দেশে ফিরতে পারেনি।

বাউলগান, আইসক্রিম আর শিতল বাতাস …

দর্শনা অফিস

দুপুর ঠিক সাড়ে বারোটা । সুর্য মাথা সোজা গনগন করছে। খুলনা (অতি:রিক্ত) বিভাগীয় কমিশনার আব্দুর রশিদ, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম,এন ডিসি অতিরিক্ত পুলিশ সুপার আবু রাশেল দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, দামুড়হুদা এসিলেন্ড,দর্শনা থানার ওসি, মোঃ মাহবুবুর রহমান,ওসি তদন্ত শেখ মাহবুব, বিজিবি কর্মকর্তা, স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা ও পুলিশ বিজিবির গোয়েন্দা সংস্থার সদস্য ও সাংবাদিকরা যখন সীমান্ত এলাকা পরিদর্শন করে দর্শনা আন্তর্জাতিক চেকপোষ্টে ফিরছেন, তখনই কেউ ঘাম মুছতে রুমাল কেউ আবার টিস্যু পেপার কেউবা গামছা তোয়ালে খোজ করছে ।কিন্তু কথায় বলে জৈষ্ঠের খরতাপ ,গরমে কারো নাইকো মাপ।

বড্ড কষ্ট করে কোন রকম চেকপোষ্ট পার হয়েই মৈত্রী কফি হাউজের পাশে পাসপোর্ট যাত্রীদের রেস্টরুম।রেস্ট রুমে ঢুকেই দখিনের জানালা খুলার সাথে সাথে দখিনা হাওয়ায় গাছের ছায়ায় প্রানটা যেন শীতল হয়ে গেল সকলের।কিছুক্ষণ পরেই কফি হাউজের ঠান্ডা আইসক্রিমণ শেষ মেষ জেলা প্রশাসকের অনুরোধ বাউল সম্রাট শাহ আব্দুল করিমের বিখ্যাত গান কোন মিস্ত্রিরি নাও বানাইছে কেমন দেখা যায় — ঝিলমিল ঝিলমিল করেরে ময়ুর পংখী নাও??গানটি গেয়ে শোনান বাংলাদেশ টেলিভিশনের লোকসংগীত শিল্পী ধীরু বাউল।শরীর মন যখন সকলেরই কিছুটা ভাল হয়ে উঠলো,ঘাম শুকিয়ে গেল তখনি সবাই স্ব স্ব গন্তব্যে ফিরে গেলেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন সাংবাদিক রেজাউল করিম ও ইকরামুল হক পিপুল।

দামুড়হুদায় জয়রামপুরে খড়ির গাদাই আগুন

দামুড়হুদা প্রতিনিধি

দামুড়হুদার জয়রামপুর হাজীপাড়ায় এক কৃষকের খড়ির গাদাই আগুন লাগে, এলাকাবাসী ও ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়।

জানা গেছে গতকাল বেলা ১১টার দিকে দামুড়হুদা উপজেলার জয়রামপুর হাজীপাড়ার মৃত ফকির মোহাম্মদের ছেলে আব্দুস সালাম খোকার, খড়ির গাদাই হটাৎ আগুন লেগে যায়। এসময় এলাকাবাসী ও ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়।

এলাকা সূত্রে জানা গেছে খোকার খড়ির গাদার পাসে এলাকার কিছু ছোট বাচ্চারা খেলা করছিলেন।এই খেলার ছলেই এক বাচ্চার কাছ থেকে এই আগুনের সূত্রপাত ঘটে।

এসময় খড়ির গাদাই আগুন লাগলে এলাকাবাসী দ্রুত ফায়ার সার্ভিসকে জানালে ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। এদিকে ফায়ার সার্ভিস ইউনিটের জাফর জানান খড়ির গাদাই আগুন লাগলে এলাকাবাসী দ্রুত আমাদের জানালে আমরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়।

এদিকে ক্ষয়ক্ষতির পরিমাণ জানতে চাইলে ফায়ার সার্ভিস ইউনিটের জাফর বলেন ক্ষয়ক্ষতির পরিমাণ আনুমানিক ৫ হাজার টাকা করা হয়েছে তবে একটু দেরি হলে প্রায় ২০ হাজার টাকার মতো ক্ষয়ক্ষতি হয়ে যেত।

তাছাড়া খড়ির গাদার পাসে বসত বাড়ি ছিল এতে করে বড় ধরণের ক্ষয়ক্ষতির আশঙ্কা ছিল যা নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয় আমরা। এসময় দামুড়হুদা মডেল থানা পুলিশের এসআই বজলু ও এএসআই গনপতি সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনা স্থল পরিদর্শন করেন।

দামুড়হুদায় সরকারী ঘর পরিদর্শন করলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার

দামুড়হুদা প্রতিনিধি

দামুড়হুদায় সরকারী গৃহ নির্মাণাধীন ঘর পরিদর্শন করলেন খুলনা বিভাগপর অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) আব্দুর রশিদ । জানা গেছে, গতকাল দুপুর ১২ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলি ইউনিয়নের সরকারের দেওয়া ভূমিহীন ও গৃহহীনদের জন্য ৩২ টি, পাঠাচোরায় ১ টি নির্মাণাধীন ঘর এবং দর্শনা পৌরসভার অন্তর্ভুক্ত কালিদাসপুর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের মাঝে দেওয়া নির্মিত ৫ টি ঘর পরিদর্শন করেন। এসময় খুলনা বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) আব্দুর রশিদ প্রতিটি ঘর ঘুরে দেখেন এবং ঘরের কাজের অগ্রগতি এবং গুণগত মান সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান,সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার,মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার সহকারী কমিশনর(ভূমি) নাজমুল আলম উদয়,প্রকল্প কর্মকর্তা আশরাফ হেসেন, উপজেলা ইঞ্জিনিয়ার খালিদ হোসেন,হাউলি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, খায়রুল কবীর দিনার প্রমূখ।

গাংনীতে শেখ হাসিনা কৃষক ছাউনি ঘরের উদ্বোধন

গাংনী প্রতিনিধি

মাঠে কর্মরত কৃষকদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে শেখ হাসিনা কৃষক ছাউনি ঘর নির্মাণ করা হয়েছে।

মাঠে কর্মরত অবস্থায় কৃষকরা যেন বজ্রপাত ও ঝড়ঝঞ্জা থেকে রেহাই পায় সেই লক্ষ্য নিয়ে সরকারি ব্যাবস্থাপনায় মেহেরপুরের গাংনী উপজেলার কোদালকাটি গ্রামের মাঠে নির্মাণ করা হয় শেখ হাসিনা কৃষক ছাউনি।

সোমবার বিকেলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শেখ হাসিনা কৃষক ছাউনি ঘরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডা: এনামুর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গাংনী পৌর মেয়র আহমেদ আলী। এসময় গাংনী উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী,উপজেলা কৃষি অফিসার কে এম সাহাবুদ্দিন আহমেদ, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অর্থায়নে গাংনী উপজেলার বিভিন্ন মাঠের কৃষক সহায়তায় আরও দশটি ঘর নির্মাণের জন্য ৩০ লক্ষ টাকা বরাদ্দের কথা জানান এই প্রতিমন্ত্রী।

কালীগঞ্জে গভীর রাতে আগুনে পুড়ে দোকান ছাই

কালীগঞ্জ প্রতিনিধি:

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার কাচামাল হাটার একটি দোকানে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনে দোকান পুড়ে ছাই হয়েছে। দোকান পুড়ে প্রায় ২৫ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে ক্ষতিগ্রস্ত দোকানদার মিকাইল হোসেন জানিয়েছেন। সোমবার দিবাগত রাত ২টার দিকে উপজেলার কালীগঞ্জ বাজারে এ অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে।

এ বিষয়ে ঘটনার প্রত্যক্ষদর্শীরা জানান, হঠাৎ তারা মিকাইল

হোসানের প্রতিষ্ঠান মিরাজ এন্টারপ্রাইজে আগুন জ্বলতে দেখেন। এবং তাৎক্ষনিক কালীগঞ্জ ফায়ার সার্ভিসকে খবর দেই। ফায়ার সার্ভির এসে স্থানীয়দের সহযোগীতায় আগুন নিয়ন্ত্রণে আনলেও ওই দোকানের মালামাল টাকা পয়সা সব আগুনে পুড়ে ছাই হয়ে যায়।

মিকাইল হোসেন জানান, তিনি ব্যাংক থেকে লোন নিয়ে একটি কোম্পানির পরিবেশকের ব্যবসা করতেন, দোকান পুড়ে যাওয়ায় এখন তিনি দিশেহারা হয়ে পড়েছেন।

সোমবার সকালে কালীগঞ্জ উপজেলা পরিবেশক সমিতির সভাপতি সদর উদ্দিন ও কালীগঞ্জ শাহজালাল ব্যাংকের ব্যাবস্থাপক হুমায়ুন কবির ঘটনাস্থল পরিদর্শন করেন।

এ বিষয়ে কালীগঞ্জ ফায়ার ষ্টেশনের দায়িত্বরত স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, আমরা প্রাথমিক ভাবে জানতে পারি কাচামাল হাটার একটি দোকানে আগুন লেগেছে। আমরা তৎক্ষণাৎ এসে আগুন নিয়ন্ত্রণে আনা হয়, ধরনা করা হচ্ছে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনের সূত্র পাত হয়েছে।

ঝিনাইদহের মেধাবী শিক্ষার্থী শামসুন্নাহার মেডিকেলে ভর্তির দ্বায়িত্ব নিলেন মেয়র

মনিরুজ্জামান রাসেল, ঝিনাইদহ

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার আড়পাড়া গ্রামের দর্শি শ্রমিক আব্দুল মোমিনের মেধাবী কণ্যা শামসুন্নাহার সেফা’র মেডিকেলে ভর্তির সকল খরচের দ্বায়িত্ব নিয়েছেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সদর পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু।

সোমবার দুপুরে ঝিনাইদহ পৌরসভায় তার কার্যালয়ে সেফা’র ভর্তি খরচ বাবদ ২০ হাজার নগদ টাকা তুলে দেন তিনি।

এসময় শামসুন্নাহার সেফা ও তার পিতা আব্দুল মমিন, মাতা সুফিয়া বেগমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
জানা যায়, শামসুন্নাহার সেফা কালীগঞ্জের সরকারি মাহতাব উদ্দিন ডিগ্রি কলেজ থেকে এইচ এসসি পাশ করে মেডিকেল ভর্তি পরীক্ষায় এ বছর বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পায়। পিতা দরিদ্র হওয়ায় তার ভর্তি অনিশ্চিত হয়ে পড়েছিল।

খবর পেয়ে সাইদুল করিম মিন্টু তার পরিবারকে খবর দিয়ে ভর্তির টাকা তাদের হাতে তুলে দেন। মেয়র সাইদুল করিম মিন্টু বলেন, টাকার অভাবে কারও লেখাপড়া থেমে যাবে না। আমি যতদিন আছি ততদিন দরিদ্র মেধাবীদের সহযোগিতা করে যাব। এই শামসুন্নাহার সেফা’র ভর্তির যত খরচ তা দেওয়া হবে। এছাড়াও যদি আগামীতে তার কোন সহযোগিতার প্রয়োজন হয় তাও করা হবে।